গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩ উমেশ দত্ত রোড, বকশীবাজার, ঢাকা-১২১১
www.prison.gov.bd

স্মারক নং ৫৮.০৪.০০০০.০৩৩.১৪.০০১.২৫. 287

তারিখ: 20 ভাদ্র' ১৪৩২
04 সেপ্টেম্বর'২০২৫

বিষয়: **কারা কর্মকর্তা/কর্মচারীদের অন্যান্য ব্যাংকের ঋণ ট্রাস্ট ব্যাংকে (Takeover) স্থানান্তর সংক্রান্ত।**

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, সম্প্রতি ট্রাস্ট ব্যাংকের সাথে চুক্তির শর্ত মোতাবেক কারা বিভাগে কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণ তাদের অন্যান্য ব্যাংক হতে গৃহীত ঋণ ট্রাস্ট ব্যাংকে স্থানান্তরের সুযোগ পাবেন। এক্ষেত্রে, গ্রাহকের ট্রাস্ট ব্যাংকের যে কোনো শাখায় বেতন হিসাব (Salary Account) থাকতে হবে। এছাড়াও, পূর্ববর্তী ব্যাংকের ঋণ পরিশোধের জন্য গ্রাহক কর্তৃক নগদ অর্থের প্রয়োজন নেই; বরং ট্রাস্ট ব্যাংক ঐ ব্যাংকের সাথে সমন্বয়ের মাধ্যমে তার ঋণ ট্রাস্ট ব্যাংকে স্থানান্তর করবেন। অন্যান্য ব্যাংক হতে গৃহীত ঋণ ট্রাস্ট ব্যাংকে স্থানান্তরের জন্য যে সকল কাগজপত্র জমা দিতে হবে: (i) নির্দিষ্ট ফরমেট অনুযায়ী ট্রাস্ট ব্যাংক হতে ঋণ প্রদানের জন্য সিনিয়র জেল সুপার/জেল সুপার/অফিস প্রধানের সনদপত্র, (ii) পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি ছবি, (iii) জাতীয় পরিচয়পত্রের ছায়ালিপি, (iv) অফিস আইডি কার্ডের ছায়ালিপি, (v) টিন সার্টিফিকেট ও সর্বশেষ প্রদত্ত আয়কর রিটার্নের কপি (যাদের বাৎসরিক আয় ৩.৫ লক্ষের কম তাদের ক্ষেত্রে প্রযোজ্য হবে না), (vi) ibass++ হতে সর্বশেষ মাসের বেতনের পে স্লিপ, (vii) পূর্বের ব্যাংক হতে ঋণ অনুমোদনপত্র ও কমপক্ষে সর্বশেষ ০৬ (ছয়) মাসের ব্যাংক স্টেটমেন্ট, (viii) গ্রান্টিয়ারের ০২ কপি ছবি ও (ix) গ্রান্টিয়ারের জাতীয় পরিচয়পত্রের কপি।

বিশেষভাবে উল্লেখ্য যে, অন্য ব্যাংক হতে ঋণ টেকওভারের জন্য ট্রাস্ট ব্যাংকে ন্যূনতম ১ (এক) মাসের বেতন জমা হওয়ার বাধ্যবাধকতা নেই। তবে গ্রাহককে অবশ্যই ঋণ গ্রহণের পরের মাস থেকে ট্রাস্ট ব্যাংকের অ্যাকাউন্টে বেতন জমা হবার ব্যবস্থা করতে হবে এবং গ্রাহকের ঋণ মঞ্জুরিপত্রে এই শর্ত লেখা থাকবে।

এমতাবস্থায়, আপনার অধীনস্থ সকল কর্মকর্তা/কর্মচারীদের বিষয়টি অবহিতকরণসহ এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

04/9/25

মোহাম্মদ মোস্তফা কামাল
কর্নেল
অতিরিক্ত কারা মহাপরিদর্শক (প্রশাসন ও অর্থ)
পক্ষে-কারা মহাপরিদর্শক।
☎- ৫৭৩০০২২২(দপ্তর)।

১। কারা উপ মহাপরিদর্শক, সকল বিভাগ, সকল বিভাগীয় দপ্তর।
২। কমান্ড্যান্ট, কারা প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী।
৩। সিনিয়র জেল সুপার/জেল সুপার, সকল কেন্দ্রীয়/বিশেষ/জেলা কারাগার।
৪। জেল সুপার, হসপিটালাইজড প্রিজনার্স সিকিউরিটি ইউনিট (এইচপিএসইউ), নাজিম উদ্দিন রোড, ঢাকা।
৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারা অধিদপ্তর, ঢাকা (পত্রটি কারা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
৬। ডেপুটি জেলার(সকল)/বাজেট অফিসার/পরিসংখ্যানবিদ/প্রশাসনিক কর্মকর্তা (সকল)/স্টাফ অফিসার, কারা অধিদপ্তর, ঢাকা।
৭। শাখা প্রধান (সকল)/ব্যক্তিগত সহকারী (সকল), কারা মহাপরিদর্শক মহোদয়/অতিরিক্ত কারা মহাপরিদর্শক (সকল)/ কারা উপ মহাপরিদর্শক এর সদয় অবগতি/অবগতির জন্য।

অনুলিপি(অবগতি ও কার্যার্থে):

ব্যবস্থাপনা পরিচালক
ট্রাস্ট ব্যাংক পিএলসি
প্রধান কাযালয়, স্বাধীনতা টাওয়ার ( লেভেল ৯)
বীরশ্রেষ্ঠ শহীদ জাহাঙ্গীর গেইট, ঢাকা ক্যান্টনমেন্ট, ঢাকা-১২০৬।